তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রামে যৌন নির্যাতনের অভিযোগে শিক্ষকের বিরুদ্ধে ছাত্রের মামলা

চট্টগ্রাম ব্যুরো

যৌন নিপীড়নের অভিযোগে দুই মাদ্রাসা শিক্ষকের বিরুদ্ধে মামলা করেছে এক ছাত্র। নগরীর শুলকবহরে অবিস্থত আল জামেয়াতুল মাদানীয়া ক্যাশেফুল উলুম মাদ্রাসা শিক্ষক সাইদুল ইসলাম ও হাফেজ ইউসুফের বিরুদ্ধে এ মামলা দায়ের করে ওই মাদ্রাসার পঞ্চম শ্রেণীর ছাত্র আবদুল্লাহ আল মামুন। গতকাল সোমবার চট্টগ্রাম মুখ্য মহানগর হাকিমের আদালত মামলা দায়েরের পর আদালত পাঁচলাইশ থানাকে এ ব্যাপারে ব্যবস্থা নেয়ার নির্দেশ দেন। বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা মামলায় আইনী সহায়তা প্রদান করছে।

অভিযোগে জানা যায়, অভিযুক্ত দুই শিক্ষক প্রায়ই মাদ্রাসার কোমলমতি ছাত্রদের একেকজনকে একেকদিন তাদের সঙ্গে নানা কৌশলে রাত কাটাতে বাধ্য করত এবং তাদের ওপর যৌন নির্যাতন চালাত। এক পর্যায়ে বিষয়টি ছাত্ররা অন্যান্য শিক্ষক ও মাদ্রাসা অধ্যক্ষকে অবহিত করে। কিন্তু অধ্যক্ষ এ ব্যাপারে দায়ী শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে উল্টো অভিযোগকারী ছাত্রদের বহিষ্কার করতে থাকে।